আজকের কাগজ

তারিখ 22 AUG 1995
পৃষ্ঠা ৪ কলাম ৭

৬২

## উচ্চ শিক্ষার সুযোগ দিন

সম্প্রতি সকল ডিগ্রী পাস পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এখন ডিগ্রী (পাস) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে, এটা কোনো দুঃখের বিষয় নয়। দুঃখের বিষয় হচ্ছে ডিগ্রী পরীক্ষায় পাস করার পর উচ্চ শিক্ষা নিয়ে আগে ডিগ্রী পাস করার পর ছাত্ররা ভর্তি হতো বিশ্ববিদ্যালয়সমূহে। এখন আর বিশ্ববিদ্যালয় পাস কোর্সের ছেলেদের পড়ার সুযোগ নেই তাদের মাস্টার্স শেষ করার জন্যে সীমিত সংখ্যক কলেজ মাস্টার্স কোর্স চালু করেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে। তাতে আসন সংখ্যা খুবই সীমিত ছাত্রদের ভর্তির ব্যাপারে দুর্ভোগের সীমা থাকছে না। যেমন- চট্টগ্রাম এলাকার মধ্যে বিজ্ঞান বিভাগের বিষয়-এর উপর মাস্টার্স কোর্স চালু আছে শুধু চট্টগ্রাম কলেজে। সেখানে আবার আসন সংখ্যাও সীমিত করে দিয়েছে। পাসের তুলনায় আসন সংখ্যা খুবই কম। এহেন পরিস্থিতিতে কিভাবে ছাত্ররা উচ্চ শিক্ষা নেবে। ঢাকা, কুমিল্লা ও অন্যান্য জায়গায় গিয়ে ছাত্রদের ভর্তি পরীক্ষা দেয়া, অধ্যয়ন করার মতো আর্থিক, মানসিক, শারীরিক সুযোগ সুবিধা আছে কি? শিক্ষামন্ত্রণালয় বারংবার আমাদের সুযোগ সৃষ্টি করতে গিয়ে দুর্ভোগের সৃষ্টি করছে। সাধারণত ছাত্ররা মাস্টার্সে ১ম বার ভর্তি হবার সুযোগ না পেলে ছাত্রছাত্রীদের ২য় বার পড়ার সুবিধাসহ মনমানসিকতার পরিবর্তন ঘটে। অনেকে উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হয়। জাতীয় বিশ্ববিদ্যালয় ও শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়টি কি আপনাদের ভাবিয়ে তুলেনি? এ ব্যাপারে কর্তৃপক্ষ জরুরিভিত্তি পদক্ষেপ নিবেন এটা আমাদের একান্ত প্রত্যাশা।

**মোহাম্মদ রবিউল হোসেন লিটন**
*ফটিকছড়ি, চট্টগ্রাম*